গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি
# Governance Performance Monitoring System-GPMS
# কর্মপরিকল্পনা ২০২৬-২৭

(খসড়া)

GPMS

**উপজেলা কৃষি অফিসারের কার্যালয়**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**ভেদরগঞ্জ, শরীয়তপুর**

# ভূমিকা

সরকারের সংস্কার কার্যক্রম বাস্তবায়ন, প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং সরকারি অফিসসমূহে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থবছর হতে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS)' প্রবর্তন করা হয়েছে। এটি একটি নিয়মিত, কাঠামোবদ্ধ ও তথ্যপ্রযুক্তিনির্ভর কর্মসম্পাদন পরিবীক্ষণ ব্যবস্থা, যার মাধ্যমে সরকারি প্রতিষ্ঠানসমূহের পরিকল্পনা, বাস্তবায়ন ও ফলাফল মূল্যায়নের একটি সমন্বিত কাঠামো গড়ে তোলা হয়েছে। GPMS এর মাধ্যমে সরকারি অফিসসমূহের কার্যক্রমকে ফলাফলভিত্তিক ও লক্ষ্যনির্ভরভাবে পরিচালনার পাশাপাশি সুশাসন প্রতিষ্ঠা, কার্যসম্পাদনের গুণগত মান উন্নয়ন এবং জবাবদিহিতা নিশ্চিত করার সুযোগ সৃষ্টি হয়েছে।

সরকারি অফিসসমূহ তাদের কার্যপরিধি (Allocation of Business), সরকারের নীতি, পরিকল্পনা, উন্নয়ন অগ্রাধিকার এবং কৌশলগত লক্ষ্যসমূহ বিবেচনায় নিয়ে নির্ধারিত কাঠামো অনুযায়ী GPMS প্রণয়ন করে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করে থাকে। ২০২৫-২৬ অর্থবছরে উপদেষ্টা পরিষদের সিদ্ধান্তের আলোকে প্রস্তুতকৃত নির্দেশিকা অনুযায়ী ৫৩টি মন্ত্রণালয়/বিভাগ GPMS কার্যক্রম বাস্তবায়ন শুরু করে। পরবর্তীতে ২০২৬-২৭ অর্থবছর হতে মন্ত্রণালয়/বিভাগের পাশাপাশি দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহকেও GPMS কার্যক্রমের আওতায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এরই ধারাবাহিকতায় কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহ যেমন- অতিরিক্ত পরিচালকের কার্যালয়, উপপরিচালকের কার্যালয়, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, হর্টিকালচার সেন্টার এবং উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ে GPMS বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

GPMS এর আওতায় প্রতিটি অফিসকে একটি বাস্তবসম্মত, ফলাফলভিত্তিক ও লক্ষ্যনির্ভর ৩ (তিন) বছর মেয়াদি আবর্তক পরিকল্পনা প্রণয়ন করতে হয়, যেখানে প্রত্যেক অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অন্তর্ভুক্ত থাকে। ধারাবাহিকতা বজায় রাখার লক্ষ্যে প্রতি অর্থবছরের শুরুতে পরিকল্পনায় আরও একটি নতুন অর্থবছর সংযোজন করা হয়। এ পরিকল্পনার ভিত্তিতে সংশ্লিষ্ট অফিস বিবেচ্য অর্থবছরের জন্য কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন করে এবং বছরব্যাপী সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক তা নিয়মিত পরিবীক্ষণ করা হয়। অর্থবছর শেষে GPMS এর অংশ হিসেবে সংশ্লিষ্ট অফিস একটি কৌশলগত প্রতিবেদন দাখিল করে, যা ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্জিত ফলাফলের আলোকে মূল্যায়িত হয়। সরকারি কার্যক্রমের ধরন ও পারফরম্যান্সের ভিত্তিতে মন্ত্রণালয়/বিভাগসমূহকে ৭ (সাত) টি গুচ্ছ/ক্লাস্টারে বিভক্ত করে মূল্যায়নের ব্যবস্থাও গ্রহণ করা হয়েছে।

GPMS কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ প্রতি অর্থবছরের শুরুতে 'সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা' প্রকাশ করে থাকে। উক্ত নির্দেশিকায় সরকারের নীতি, পরিকল্পনা, অগ্রাধিকার এবং বাজেট কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে GPMS প্রণয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করা হয়। ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত নির্দেশিকায় ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা, বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা এবং অর্থবছর শেষে কৌশলগত প্রতিবেদন দাখিলের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা সংযোজন করা হয়েছে। এ নির্দেশিকা GPMS-এর আওতাভুক্ত সকল অফিসের জন্য প্রযোজ্য হবে।

কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ একটি গুরুত্বপূর্ণ মাঠ পর্যায়ের অফিস হিসেবে কৃষি উন্নয়ন, প্রযুক্তি সম্প্রসারণ, কৃষক প্রশিক্ষণ, পরিবেশবান্ধব কৃষি ব্যবস্থা গড়ে তোলা এবং সরকারের কৃষি উন্নয়ন নীতি বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। মাঠ পর্যায়ে কৃষি সেবা কার্যক্রমকে আরও ফলপ্রসূ, গতিশীল ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে ২০২৬-২৭ অর্থবছরের GPMS কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, আধুনিক প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করা সম্ভব হবে বলে প্রত্যাশা করা যায়।

# সূচিপত্র


| ক্র.নং | শিরোনাম | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভেদরগঞ্জ কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০৪ |
| ২ | উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ, শরীয়তপুর এর GPMS বিষয়ক উপজেলার টিম | ০৫ |
| ৩ | GPMS এর মুল কাঠামো: ভিশন, মিশন এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা (সেকশন-১) | ০৬-০৭ |
| ৪ | ২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন-২) | ০৮ |
| ৫ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) | ০৯-১০ |
| ৬ | সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ১১ |
| ৭ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ২: বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে) | ১২-১৩ |
| ৮ | কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন (সেকশন ৩) সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক | ১৪-১৫ |
| ৯ | অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ, সংযোজনী ৪ | ১৬ |
| ১০ | উপসংহার | ১৭ |

## উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভেদরগঞ্জ কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Bhedarganj Upazila Agriculture Office)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বার্ষিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে দপ্তরের মূল কার্যক্রম হ্রাসমান চাষযোগ্য জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণের লক্ষ্যে কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে ভেদরগঞ্জ উপজেলার চাল, গম, ভূট্টা, পাট, পেঁয়াজ, রসুন, কালোজিরা, ধনিয়া ও আলুসহ শাক-সবজীর উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সেই সাথে পাট উৎপাদন করে অর্থনীতিতে বাংলাদেশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে ভেদরগঞ্জ উপজেলায় বিগত তিন বছরে প্রধান প্রধান ফসলগুলোর মধ্যে চালের উৎপাদন হয়েছে ১১০৪৬৩ মেঃটন, গমের উৎপাদন হয়েছে ১৫০২৪ মেঃটন, ভূট্টা উৎপাদন হয়েছে ৪৮৯০ মে:টন, পেঁয়াজ উৎপাদন হয়েছে ৭১৬০ মে:টন, রসুন উৎপাদন হয়েছে ৬৫০৩ মে:টন, কালোজিরা উৎপাদন হয়েছে ২৭৩০ মে:টন, ধনিয়া উৎপাদন হয়েছে ৫২৮০ মে:টন, আলু উৎপাদন হয়েছে ৩৫৪৬০ মে:টন, শাকসবজি উৎপাদন হয়েছে ৯১৫৬০ মে:টন এবং পাট উৎপাদন হয়েছে ২৪৩৫০ মেঃটন। খাদ্যশস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্নতা অর্জনের লক্ষ্যে কৃষক প্রশিক্ষণ, মাঠ দিবস, কৃষি মেলা, কৃষকদের উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে বিভিন্ন ফসলের আধুনিক ও ঘাত-সহিষ্ণু জাত, পানি সাশ্রয়ী প্রযুক্তি, সুষম মাত্রায় সার ব্যবহার, আলোর ফাঁদ, পার্চিং, অত্যাধুনিক কৃষি যন্ত্রপাতি, মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সবুজ সার তৈরী ও ব্যবহার বৃদ্ধি ইত্যাদি প্রযুক্তি সম্প্রসারণে সাফল্য অর্জিত হয়েছে। ভবিষ্যতেও এ উৎপাদনশীলতা বৃদ্ধি কার্যক্রমের ধারাবাহিকতা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ উপজেলায় অব্যাহত থাকবে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশে প্রতি বছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরনার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনে ঝুঁকি মোকাবেলা ও দূর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচকার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুসম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, খামার যান্ত্রীকিকরণ, দ্রুত ও সহজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষনা-সম্প্রসারণ, কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্ততা এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা, পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ু পরিবর্তনের কারণে সম্ভাব্য দূর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানিযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল, তেল, মসলা ও শাকসবজী ফলজাতীয় ফসল অন্তর্ভুক্ত করে ফসলের বহুমুখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, সম্প্রসারণ কর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন এবং খামার যান্ত্রীকিকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন। নিরাপদ ফসল উৎপাদনে বালাইনাশকের যৌক্তিক ব্যবহার ও কৃষকে স্বাস্থ্য সুরক্ষায় প্রয়োজনীয় পদক্ষেপ অনুসরণ।

**২০২৪-২৫ অর্থবছরের প্রধান অর্জনসমূহ:**

- ❖ সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে ২০২৪-২৫ অর্থবছরে চালের উৎপাদন হয়েছে ৩৬৮২১ মে.টন, গমের উৎপাদন হয়েছে ৪৯৬০ মে.টন, ভূট্টা উৎপাদন হয়েছে ১৫২০ মে.টন, পেঁয়াজ উৎপাদন হয়েছে ২৫২০ মে.টন, রসুন উৎপাদন হয়েছে ২৬৬০ মে.টন, কালোজিরা উৎপাদন হয়েছে ১০৩৫ মে.টন, ধনিয়া উৎপাদন হয়েছে ২১৮৭ মে.টন, আলু উৎপাদন হয়েছে ১২৬০০ মে.টন, শাকসবজি উৎপাদন হয়েছে ৩০৫২০ মে.টন এবং পাট উৎপাদন হয়েছে ৯৩৫০ মে.টন। এর পরিমাণ আরও বৃদ্ধি করার কার্যক্রম চলমান থাকবে।
- ❖ আধুনিক প্রযুক্তি বিষয়ক বরাদ্দকৃত শতভাগ কৃষককে প্রশিক্ষণ প্রদান।
- ❖ উপজেলায় কর্মরত অনেক সম্প্রসারণ কর্মীকে কারিগরি বিষয় ও দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান।
- ❖ আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ব্যাপক প্রদর্শণী স্থাপন এবং তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধিতে প্রদর্শনী স্থাপনের মাধ্যমে মাঠ পর্যায়ে কৃষির সম্প্রসারণ ও বাস্তবায়ন।
- ❖ নিরাপদ শাকসবজি ও ফল উৎপাদন, ডাল, তেল, ও মসলা জাতীয় ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি ও সম্প্রসারণ।
- ❖ অর্থকারী ফসল পাটের আবাদ ও উৎপাদন বৃদ্ধি।
- ❖ কৃষক পর্যায়ে ইউরিয়া ও নন- ইউরিয়া সারের সুষম ব্যবহার বৃদ্ধিকরণ।

**ক. উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের GPMS টিম গঠন:**

Governance Performance Monitoring System (GPMS) প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত অত্র উপজেলায় জিপিএমএস টিম গঠন করা হয়েছে। অত্র দপ্তরের নির্দেশনায় অধিনস্ত মাঠ পর্যায়ের অফিসসমূহেও GPMS টিম গঠন করা হয়। একজন জিপিএমএস টিম লিডার, একজন ফোকাল পয়েন্ট, একজন বিকল্প ফোকাল পয়েন্টসহ কতিপয় সদস্য নিয়ে এ টিম গঠন করা হয়।

**খ. উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুরের গঠিত GPMS টিম ও GPMS টিমের দায়িত্ব:**

| ক্র. নং | কর্মকর্তার নাম,পদবী ও কর্মস্থলের ঠিকানা | GPMS টিমের পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ২ | তাহমিনা আক্তার, উপজেলা কৃষি অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর | টিম লিডার | |
| ৩ | আবু হানিফ, উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর। | সদস্য | |
| ৪ | সফিকুর রহমান, অফিস সহায়ক, ভেদরগঞ্জ, শরীয়তপুর। | সদস্য | |
| ৫ | আল আমিন, উপসহকারী কৃষি কর্মকর্তা, ভেদরগঞ্জ, শরীয়তপুর। | বিকল্প ফোকাল পয়েন্ট | |
| ৬ | তানবীন হাসান শুভ, কৃষি সম্প্রসারণ অফিসার, ভেদরগঞ্জ, শরীয়তপুর। | সদস্য সচিব/ফোকাল পয়েন্ট | |

- GPMS-এর ৩ (তিন) বছর মেয়াদি খসড়া পরিকল্পনা প্রণয়ন, বিবেচা অর্থবছরের খসড়া কর্মসম্পাদন পরিকল্পনা প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল
- যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক চূড়ান্ত পরিকল্পনা, বিবেচা অর্থবছরের চূড়ান্ত কর্মসম্পাদন পরিকল্পনা ও বছরশেষে কৌশলগত প্রতিবেদন (Strategic Report) প্রণয়ন এবং উর্ধ্বতন অফিসে দাখিল;
- প্রতি দুই মাসে একবার GPMS এর অগ্রগতি পর্যালোচনা;
- প্রতি ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ,
- বিবেচ্য অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা (সেকশন ২) এর ষান্মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে দাখিল।
- GPMS সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা;
- GPMS ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন;
- বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং স্বমূল্যায়ন প্রতিবেদন অফিস প্রধানের অনুমোদন গ্রহন করে উর্ধ্বতন অফিসে প্রেরণ, এবং
- আওতাধীন অফিসসমূহের GPMS-এর কার্যক্রম তদারকি এবং মূল্যায়ন।

**গ. মাঠ পর্যায়ের অফিসসমূহে GPMS পরামর্শক পুল গঠন:**

যদিও পরামর্শক পুল এর সদস্যগণ মাঠ পর্যায়ের অফিসসমূহের চাহিদার প্রেক্ষিতে নিম্নলিখিত বিষয়ে সহযোগিতা/পরামর্শ প্রদান করবেন।

ক) মাঠ পর্যায়ের অফিসের GPMS প্রণয়নে;

খ) মাঠ পর্যায়ের অফিসের GPMS পরিবীক্ষণ ও মূল্যায়নে;

গ) মাঠ পর্যায়ের অফিসের GPMS- এর মানোন্নয়নে;

ঘ) মাঠ পর্যায়ের অফিসের GPMS সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে।

আপাতত অত্র দপ্তরে জিপিএমএস পরামর্শ টিম গঠন করা হয়নি। যথাসময়ে এ সংক্রান্ত পুল নির্দেশিকা মোতাবেক গঠন করা হবে।

## ঘ. GPMS-এর মূল কাঠামো

### সেকশন ১

### (রূপকল্প, অভিলক্ষ্য এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা)

**১.১ রূপকল্প (Vision):** ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

**১.২ অভিলক্ষ্য (Mission):** সকল শ্রেণীর কৃষকদের টেকসই ও লাভজনক ফসল উৎপাদন বৃদ্ধি নিশ্চিত করণের লক্ষ্যে দক্ষ, ফলপ্রসূ, বিকেন্দ্রীকৃত, এলাকানির্ভর, চাহিদাভিত্তিক এবং সমন্বিত কৃষি সম্প্রসারণ সেবা প্রদানের মাধ্যমে সকল শ্রেণির কৃষকের প্রযুক্তি জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**১.৩ ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা:**

উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ, শরীয়পুর এর ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনার ছক

| ক্র.নং | পরিকল্পনা | বছরভিত্তিক লক্ষ্যমাত্রা (বরাদ্দ অনুসারে) | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | **ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ** | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন।<br>৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন।<br>৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ।<br>৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন।<br>৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন।<br>৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ।<br>৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। | ১। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়ন।<br>২। আওতাধীন উপজেলার বরাদ্দ অনুসারে ১০০% ফলোআপ কার্যক্রম বাস্তবায়ন।<br>৩। বরাদ্দকৃত আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশের ১০০% বাস্তবায়ন।<br>৪। বরাদ্দ অনুসারে নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমন ১০০% বাস্তবায়ন।<br>৫। প্রণোদনার আওতায় বরাদ্দকৃত কৃষক সংখ্যার ১০০% উপকরণ সরবরাহ।<br>৬। বরাদ্দকৃত ব্যাচভিত্তিক ১০০% কৃষক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন। |
| ২ | **কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন** | ১। জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা।<br>২। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ২০% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও | ১। জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা।<br>২। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ১৫% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ৩০% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও তথ্য | ১। জেলার আওতাধীন বিভিন্ন প্রকল্পসমূহ হতে প্রস্তাবিত প্রশিক্ষণ ১০০% কার্যক্রম পরিচালনা।<br>২। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ডি-নথি বাস্তবায়ন ২০% অগ্রগতি ও ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৩। উদ্ভাবন কার্যক্রম হিসাবে ৪০% ওয়েব পোর্টালের ব্যবহার।<br>৪। কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম বৃদ্ধিকরণ।<br>৫। সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি।<br>৬। ক্রয় পরিকল্পনা ২০-০৬-২০২৬ তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>৭। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ। | অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি।<br>৬। ক্রয় পরিকল্পনা ১৮-০৬-২০২৭ তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>৭। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ। | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি।<br>৬। ক্রয় পরিকল্পনা ১৫-০৬-২০২৮ তারিখের মধ্যে ওয়েব সাইটে প্রকাশ।<br>৭। শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ। |
| ৩ | **কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ** | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪। জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>৫। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন।<br>৬। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি। | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪। জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>৫। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন।<br>৬। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি। | ১। নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের ১০০% পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন।<br>২। পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা।<br>৩। উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন।<br>৪। জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান বৃদ্ধিকরণ।<br>৫। সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে ২০২৬-২৭ অর্থ বছরে বৃক্ষ রোপন এর কর্মপরিকল্পনা ও কর্মকৌশল বরাদ্দের ১০০% বাস্তবায়ন।<br>৬। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহের সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধি। |

# সেকশন ২

**(২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)**

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপকের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| [১] সেবা প্রদান [মান-৩৫] | ১ | [১] স্থাপিত প্রদর্শনী | % | ৫ | ১০০ | ১০০ |
| | ১ | [২] স্থাপিত ফলোআপ | % | ৩ | ১০০ | ১০০ |
| | ১ | [৩] আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | % | ৪ | ১০০ | ১০০ |
| | ১ | [৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | % | ৩ | ১০০ | ১০০ |
| | ১ | [৫] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | % | ৩ | ১০০ | ১০০ |
| | ১ | [৬] প্রশিক্ষিত কৃষক | % | ৪ | ১০০ | ১০০ |
| | ২ | [১] প্রশিক্ষিত কর্মকর্তা | % | ৪ | ১০০ | ১০০ |
| | ২ | [৫] অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৫] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৫] তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | % | ৩ | ১০০ | ১০০ |
| [২] উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম [মান-১৫] | ২ | [২] ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৩] ওয়েব পোর্টাল হালনাগাদ | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৬] ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযক্তি সম্প্রসারণ | % | ৬ | ১০০ | ১০০ |
| | ২ | [৯] কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | % | ৩ | ১০০ | ১০০ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা [মান-১৫] | ২ | [৪] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | সংখ্যা | ৩ | ২০ | ২৫ |
| | ৩ | [১] নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন | % | ৩ | ১০০ | ১০০ |
| | ৩ | [২] পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | সংখ্যা | ৩ | ৩০ | ৪৫ |
| | ৩ | [৭] সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | % | ৩ | ১০০ | ১০০ |
| | ২ | [৭] শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | সংখ্যা | ৩ | ২২ | ৩৪ |
| [৪] উন্নয়ন সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম [মান-১৫] | ৩ | [১] উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | মে.টন | ৪ | ২০ | ৩০ |
| | ৩ | [৪] জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান | হেক্টর | ৪ | ২৫ | ৩০ |
| | ৩ | [৫] বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | % | ৪ | ১০০ | ১০০ |
| | ২ | [৬] ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | তারিখ | ৩ | ২০-০৬-২৬ | ২০-০৬-২৭ |

# সেকশন ৩

## (ভেদরগঞ্জ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়ের কৌশলগত বিষয় সংক্রান্ত প্রতিবেদন)

দেশের কৃষি উন্নয়ন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং কৃষকের আর্থসামাজিক উন্নয়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভেদরগঞ্জ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সরকারের কৃষিবান্ধব নীতি বাস্তবায়নের ধারাবাহিকতায় অত্র কার্যালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের অফিসসমূহ আধুনিক, টেকসই ও প্রযুক্তিনির্ভর কৃষি সম্প্রসারণ কার্যক্রম বাস্তবায়ন করে কৃষকের দোরগোড়ায় সেবা পৌঁছে দিচ্ছে। সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)-এর আওতায় ২০২৬-২৭ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের মাধ্যমে সেবা প্রদান, উদ্ভাবন ও সংস্কার, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং উন্নয়নমূলক কার্যক্রমকে আরও গতিশীল, জবাবদিহিমূলক ও ফলপ্রসূ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

ফসলের টেকসই উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি নিশ্চিত করা এবং কৃষকের আয় ও জীবনমান উন্নয়ন করা অত্র উপজেলার কৃষি সম্প্রসারণ কার্যক্রমের মূল লক্ষ্য। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে আধুনিক ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি সম্প্রসারণ, প্রদর্শনী স্থাপন, ফলোআপ কার্যক্রম, মাঠ দিবস আয়োজন, কৃষক মাঠ স্কুল, কৃষক সমাবেশ এবং উদ্বুদ্ধকরণ ভ্রমণ বাস্তবায়ন করা হচ্ছে। গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত উচ্চ ফলনশীল ও ঘাত সহনশীল জাত মাঠ পর্যায়ে সম্প্রসারণের মাধ্যমে কৃষকদের আধুনিক প্রযুক্তি গ্রহণে উৎসাহিত করা হবে। চাল, গম, ভুট্টা, পাট, তেল, ডাল, মসলা, শাকসবজি ও অন্যান্য অর্থকরী ফসলের উৎপাদন বৃদ্ধিতে এ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা করে টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা অত্র জেলার অন্যতম কৌশলগত অগ্রাধিকার। প্রতিবছর বন্যা, খরা, অতিবৃষ্টি, নদীভাঙন ও প্রাকৃতিক দুর্যোগ কৃষি উৎপাদনে নেতিবাচক প্রভাব ফেলছে। এ প্রেক্ষাপটে স্বল্পমেয়াদি, খরা সহিষ্ণু, জলাবদ্ধতা সহিষ্ণু ও উচ্চ ফলনশীল জাত সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি পানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহার, মাটির স্বাস্থ্য সুরক্ষা, জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং পরিবেশবান্ধব কৃষি প্রযুক্তি সম্প্রসারণে গুরুত্ব প্রদান করা হবে।

প্রণোদনার আওতায় ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে কৃষি উপকরণ বিতরণ কার্যক্রম কৃষি উৎপাদন বৃদ্ধি এবং কৃষকের আর্থিক সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে। কৃষক প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে আধুনিক কৃষি প্রযুক্তি, সমন্বিত বালাই ব্যবস্থাপনা, সুষম সার ব্যবস্থাপনা, নিরাপদ খাদ্য উৎপাদন, জৈব কৃষি ও জলবায়ু সহিষ্ণু প্রযুক্তি বিষয়ে কৃষকদের দক্ষতা বৃদ্ধি করা হবে। নারী কৃষকদের অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক কৃষি উন্নয়ন জোরদার করা হবে।

সেবা প্রদান কার্যক্রমের আওতায় মাঠ পর্যায়ে স্থাপিত প্রদর্শনী ও নিয়মিত ফলোআপ কার্যক্রম কৃষকদের নতুন প্রযুক্তি গ্রহণে সহায়তা করবে। মাঠ দিবস ও কৃষক সমাবেশের মাধ্যমে কৃষকদের সাথে সরাসরি মতবিনিময়, সমস্যা চিহ্নিতকরণ এবং তাৎক্ষণিক সমাধানের সুযোগ সৃষ্টি হবে। একই সঙ্গে উদ্বুদ্ধকরণ ভ্রমণের মাধ্যমে সফল কৃষি উদ্যোগ ও প্রযুক্তি সম্পর্কে কৃষকদের বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ প্রদান করা হবে, যা প্রযুক্তি সম্প্রসারণকে ত্বরান্বিত করবে।

প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি এবং মানবসম্পদ উন্নয়ন GPMS বাস্তবায়নের একটি গুরুত্বপূর্ণ অংশ। মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ওয়ার্কশপ, কর্মশালা, আইসিটি ও ডিজিটাল সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত মতবিনিময় সভা আয়োজন করা হবে। একই সঙ্গে শূন্য পদ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার মাধ্যমে জনবল ব্যবস্থাপনায় ভারসাম্য আনার উদ্যোগ গ্রহণ করা হবে। দক্ষ ও প্রশিক্ষিত জনবল মাঠ পর্যায়ে কৃষি সেবা কার্যক্রম আরও কার্যকরভাবে বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

ডিজিটাল কৃষি সেবা সম্প্রসারণ বর্তমান সময়ের একটি গুরুত্বপূর্ণ কৌশলগত বিষয়। কৃষককে মোবাইল ও অনলাইনে কৃষি পরামর্শ প্রদান, ই-কৃষি কার্যক্রম বাস্তবায়ন, ডি-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পন্নকরণ এবং ওয়েবভিত্তিক তথ্য ব্যবস্থাপনা জোরদারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এর ফলে প্রশাসনিক স্বচ্ছতা, জবাবদিহিতা এবং দ্রুত তথ্য আদান-প্রদান নিশ্চিত হবে। কৃষকরা সহজেই আবহাওয়া তথ্য, রোগবালাই ব্যবস্থাপনা, ফসল উৎপাদন কৌশল ও সরকারি সহায়তা সংক্রান্ত তথ্য গ্রহণ করতে পারবে।

উদ্ভাবন ও সংস্কার কার্যক্রমের আওতায় দাপ্তরিক কার্যক্রম ডিজিটালাইজেশন, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন, তথ্য অধিকার কার্যক্রম এবং অনলাইনে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জিআরএস পদ্ধতির মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম জোরদার করা হবে। একই সঙ্গে সিটিজেন চার্টার বাস্তবায়নের মাধ্যমে কৃষকদের সেবা গ্রহণ আরও সহজ, স্বচ্ছ ও সময়োপযোগী করা হবে।

কৃষি উপকরণের গুণগত মান নিশ্চিতকরণ এবং ভেজাল প্রতিরোধ কার্যক্রমও এ কর্মপরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ। সারের নমুনা সংগ্রহ, ভেজাল সার উৎপাদন ও বাজারজাতকরণ প্রতিরোধে নিয়মিত মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হবে। পাশাপাশি উদ্যোক্তাদের মাধ্যমে জৈবসার উৎপাদন বৃদ্ধি এবং কৃষক পর্যায়ে এর ব্যবহার সম্প্রসারণে উৎসাহ প্রদান করা হবে।

ফসলের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ এবং কৃষি জমি সুরক্ষায় নিয়মিত তদারকি কার্যক্রম পরিচালনা করা হবে। একই সঙ্গে গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত নতুন প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও ব্যবহার বৃদ্ধির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি এবং কৃষকের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টি হবে।

GPMS কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করতে নিয়মিত পরিবীক্ষণ, ত্রৈমাসিক অগ্রগতি মূল্যায়ন এবং কর্মসম্পাদনের প্রমাণক সংরক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। মাঠ পর্যায়ের সকল অফিসকে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং তদারকি কার্যক্রম জোরদার করা হবে। একই সঙ্গে মাঠ পর্যায়ের সমস্যাসমূহ দ্রুত সমাধানের মাধ্যমে কার্যক্রমের গতি বজায় রাখা হবে।

সার্বিকভাবে, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ ২০২৬-২৭ অর্থবছরের GPMS কর্মপরিকল্পনার মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা উন্নয়ন, পরিবেশবান্ধব ও টেকসই কৃষি ব্যবস্থা গড়ে তোলা এবং কৃষকের জীবনমান উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে বলে প্রত্যাশা করা যায়। মাঠ পর্যায়ের অফিসসমূহের সমন্বিত প্রচেষ্টা, কার্যকর তদারকি এবং সময়োপযোগী মূল্যায়নের মাধ্যমে এ কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব হবে।

# সংযোজনীসমূহ

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**

| Abbreviation | Full Name |
|---|---|
| **MoA** | Ministry of Agriculture |
| **DAE** | Department of Agricultural Extension |
| **BARI** | Bangladesh Agricultural Research Institute |
| **BRRI** | Bangladesh Rice Research Institute |
| **BJRI** | Bangladesh Jute Research Institute |
| **BINA** | Bangladesh Institute of Nuclear Agriculture |
| **BSRI** | Bangladesh Sugarcrop Research Institute |
| **SRDI** | Soil Resource Development Institute |
| **CRI** | Cotton Development Board (often referred to by CDB) |
| **BADC** | Bangladesh Agricultural Development Corporation |
| **BARC** | Bangladesh Agricultural Research Council |
| **DAM** | Department of Agricultural Marketing |
| **BMDA** | Barind Multipurpose Development Authority |
| **DACA** | Department of Agriculture Seed Certification Agency (SCA) |
| **SCA** | Seed Certification Agency |

# সংযোজনী ২

**বিস্তারিত পরিকল্পনা (প্রযোজ্য ক্ষেত্রে)**

| ক্র. নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | আধুনিক ও জলবায়ু সহিষ্ণু জাতের প্রদর্শনী স্থাপন, মাঠ পর্যায়ে নিয়মিত ফলোআপ ও কৃষক পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস | খরিপ ও রবি মৌসুমভিত্তিক | মাসিক ও ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন |
| ২ | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য উদ্বুদ্ধকরণ ভ্রমণ | সফল কৃষি প্রযুক্তি ও মডেল খামার পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ | উপজেলা কৃষি অফিস | প্রয়োজন অনুযায়ী | অংশগ্রহণকারীর তালিকা ও প্রতিবেদন |
| ৩ | প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন ও কৃষি উপকরণ বিতরণ | উপজেলা কৃষি অফিস | মৌসুমভিত্তিক | বিতরণ তালিকা ও মনিটরিং |
| ৪ | প্রশিক্ষিত কৃষক | আধুনিক কৃষি প্রযুক্তি, নিরাপদ খাদ্য উৎপাদন, আইপিএম ও সুষম সার ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ | উপজেলা কৃষি অফিস ও প্রকল্পসমূহ | বছরব্যাপী | প্রশিক্ষণ প্রতিবেদন |
| ৫ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | প্রদর্শনী প্লটে মাঠ দিবস আয়োজন, কৃষক সমাবেশ ও মতবিনিময় সভা পরিচালনা | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মাঠ পরিদর্শন ও প্রতিবেদন |
| ৬ | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | জিআরএস সিস্টেমে অভিযোগ গ্রহণ ও নির্ধারিত সময়ে নিষ্পত্তি | জিআরএস ফোকাল পয়েন্ট | চলমান | জিআরএস রিপোর্ট |
| ৭ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার হালনাগাদ ও বাস্তবায়ন তদারকি | অফিস প্রধান ও ফোকাল পয়েন্ট | বছরব্যাপী | ত্রৈমাসিক মূল্যায়ন |
| ৮ | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার আইন অনুযায়ী আবেদন নিষ্পত্তি ও সচেতনতা বৃদ্ধি | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | চলমান | তথ্য অধিকার প্রতিবেদন |
| ৯ | ডি-নথিতে নিষ্পত্তিকৃত ফাইলের হার | সকল দাপ্তরিক ফাইল ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি বৃদ্ধি | সকল শাখা | বছরব্যাপী | ডি-নথি সফটওয়্যার রিপোর্ট |
| ১০ | ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সম্প্রসারণ | BRRI, BARI, BJRI, BINA ও অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ | উপজেলা কৃষি অফিস | মৌসুমভিত্তিক | প্রযুক্তি সম্প্রসারণ প্রতিবেদন |
| ১১ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | মোবাইল ফোন, সামাজিক যোগাযোগ মাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মে কৃষি পরামর্শ প্রদান | উপজেলা কৃষি অফিস | চলমান | অনলাইন সেবা রেজিস্টার |

| ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | বিস্তারিত বাস্তবায়ন পরিকল্পনা | বাস্তবায়নকারী দপ্তর/কর্মকর্তা | বাস্তবায়নের সময়কাল | পর্যবেক্ষণ ও মূল্যায়ন পদ্ধতি |
|---|---|---|---|---|---|
| ১২ | বিভিন্ন প্রকল্পসমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | উন্নয়ন প্রকল্পের আওতায় কৃষক ও সম্প্রসারণ কর্মীদের প্রশিক্ষণ বাস্তবায়ন | সংশ্লিষ্ট প্রকল্প অফিস | প্রকল্প সময়সূচি অনুযায়ী | প্রকল্প অগ্রগতি প্রতিবেদন |
| ১৩ | কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম মনিটরিং ও বাস্তবায়ন | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মনিটরিং প্রতিবেদন |
| ১৪ | নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন | সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন নিরীক্ষা করে লাইসেন্স দেয়া | উপপরিচালক | বছরব্যাপী | মাসিক প্রতিবেদন |
| ১৫ | পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতার দোকান মনিটরিং | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মনিটরিং প্রতিবেদন |
| ১৬ | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণে ব্যবস্থাপনা | বাজার মনিটরিং, নমুনা সংগ্রহ ও ভেজাল প্রতিরোধ কার্যক্রম | উপজেলা কৃষি অফিস | নিয়মিত | মনিটরিং প্রতিবেদন |
| ১৭ | শূন্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূন্য পদের তালিকা প্রস্তুত ও উর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রেরণ | উপজেলা কৃষি অফিস | মাসিক | মাসিক প্রতিবেদন |
| ১৮ | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | জৈবসার উৎপাদনে উদ্যোক্তা নির্বাচন ও কারিগরি সহায়তা প্রদান | উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | উৎপাদন প্রতিবেদন |
| ১৯ | বৃক্ষ রোপণ কার্যক্রম পরিচালনা | রাস্তার ধারে, শিক্ষা প্রতিষ্ঠান ও বসতবাড়িতে বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়ন | ডিএই ও স্থানীয় প্রশাসন | বর্ষা মৌসুম | ত্রৈমাসিক প্রতিবেদন |
| ২০ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | প্রদর্শনী প্লটে মাঠ দিবস আয়োজন, কৃষক সমাবেশ ও মতবিনিময় সভা পরিচালনা | জেলা ও উপজেলা কৃষি অফিস | বছরব্যাপী | মাঠ পরিদর্শন ও প্রতিবেদন |
| ২১ | ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | প্রতিবেদন প্রস্তুত ও ওয়েবসাইটে প্রকাশ | অফিস প্রধান ও ফোকাল পয়েন্ট | বাৎসরিক | প্রতিবেদন ও ওয়েবসাইট স্ক্রিনশট |

# সংযোজনী ৩

**সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক**

| ক্র.নং | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমানক |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | স্থাপিত প্রদর্শনী ও ফলোআপ | স্থাপিত প্রদর্শনী সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ২ | স্থাপিত ফলোআপ | স্থাপিত ফলোআপ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৩ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ | আয়োজিত মাঠ দিবস/কৃষক সমাবেশ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৪ | নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | উদ্বুদ্ধকরণ ভ্রমন সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৫ | প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক | প্রণোদনা কার্যক্রম অগ্রগতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৬ | প্রশিক্ষিত কৃষক | কৃষক প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৭ | প্রশিক্ষিত কর্মকর্তা | কর্মকর্তা প্রশিক্ষণ সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৮ | অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিস্পত্তি | জিআরএস সিস্টেম থেকে প্রাপ্ত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ৯ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন | সিটিজেন চার্টার, সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ১০ | তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম পরিচালনা | তথ্য অধিকার বিষয়ক প্রতিবেদন উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ১১ | ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ডি-নথি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| ১২ | ওয়েব পোর্টাল হালনাগাদ | সিস্টেম সফটওয়ার থেকে ডাউনলোডকৃত ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত অনুমোদিত ত্রৈমাসিক প্রতিবেদন |
| ১৩ | ফসলের নতুন জাত ও গবেষণা প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত অন্যান্য প্রযক্তি সম্প্রসারণ | উর্ধ্বতন দপ্তরে প্রেরিত জাতভিত্তিক প্রতিবেদন ও নতুন জাত সম্প্রসারণ সংক্রান্ত প্রতিবেদন |
| ১৪ | বিভিন্ন প্রকল্পসমূহের আয়োজিত প্রশিক্ষণ পরিচালনা | আয়োজিত প্রশিক্ষণ প্রতিবেদন, অফিস আদেশ, শিডিউল ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ১৫ | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ প্রদান | কৃষককে মোবাইল/অনলাইনে কৃষি পরামর্শ দেয়ার স্ক্রিনশট। |
| ১৬ | কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | পরিদর্শন প্রতিবেদন ও সামারি শীট |
| ১৭ | নিস্পত্তিকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলারের লাইসেন্স/নিবন্ধন/নবায়ন আবেদন | মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ১৮ | পরিদর্শনকৃত সার ও বালাইনাশকের পাইকারি ও খুচরা ডিলার বিক্রেতা | পরিদর্শন প্রতিবেদন ও সামারি শীট |

| | | |
|---|---|---|
| ১৯ | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা | সারের নমুনা, ভেজাল সার উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরনে ব্যবস্থাপনা সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ২০ | শূণ্য পদ সংক্রান্ত উর্ধ্বতনকে অবহিতকরণ | শূণ্য পদ সংক্রান্ত সংক্রান্ত উর্ধ্বতন দপ্তরে প্রেরিত মাসিক প্রতিবেদন |
| ২১ | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন | উদ্যোক্তাগণের জৈবসার উৎপাদন ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারি শীট |
| ২২ | জৈবসার দ্বারা আবাদকৃত জমির পরিমান | মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদনের সামারি শীট |
| ২৩ | বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা | বৃক্ষ রোপন কার্যক্রম পরিচালনা সংক্রান্ত ত্রৈমাসিক মাসভিত্তিক প্রতিবেদনের সামারি শীট |
| ২৪ | ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | প্রতিবেদন ও সামারি শীট |

# সংযোজনী ৪

**সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ**

| **ক্রমিক নং** | **কার্যক্রম** | **যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল** | **সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল** |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | প্রণোদনা কার্যক্রম | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভেদরগঞ্জ, শরীয়তপুর। | UNO এর সভাপতিত্বে প্রণোদনা বাস্তবায়ন কমিটির মাধ্যমে প্রণোদনা বিতরণ কার্যক্রম সম্পন্ন করা হয়। |

# উপসংহার

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, উপজেলা কৃষি অফিস, ভেদরগঞ্জ ২০২৬-২৭ অর্থবছরের জিআরএস (GRS) কর্মপরিকল্পনা মাঠ পর্যায়ে কৃষি সেবা গতিশীল ও জবাবদিহিমূলক করতে একটি কার্যকর রূপরেখা হিসেবে কাজ করবে। এই পরিকল্পনার মাধ্যমে

**সেবার আধুনিকায়ন:** আধুনিক ও জলবায়ু-সহিষ্ণু প্রযুক্তি সম্প্রসারণ, ডিজিটাল কৃষি সেবা, কৃষি যান্ত্রিকীকরণ এবং ই-নথি কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রশাসনিক স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

**কৃষক উন্নয়ন:** কৃষক প্রশিক্ষণ, তথ্য অধিকার নিশ্চিতকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি রক্ষা এবং অভিযোগ প্রতিকারের সুব্যবস্থা করা সম্ভব হবে।

**লক্ষ্যমাত্রা অর্জন:** উপজেলা পর্যায়ের অফিসগুলোর মধ্যে সমন্বয়, নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা ও পরিবেশ সংরক্ষণ নিশ্চিত করা যাবে।

**প্রাতিষ্ঠানিক সক্ষমতা:** এই কর্মপরিকল্পনাটি সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভেদরগঞ্জ একটি দক্ষ, স্বচ্ছ, উদ্ভাবনী ও জনমুখী প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত হবে।

৩০/০৬/২০২৬

তানবীন হাসান শুভ
কৃষি সম্প্রসারণ অফিসার
ও ফোকাল পয়েন্ট
ভেদরগঞ্জ, শরীয়তপুর

৩০/০৬/২০২৬

তাহমিনা আক্তার
উপজেলা কৃষি অফিসার
ও টিম লিডার
ভেদরগঞ্জ, শরীয়তপুর